

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
 (রাজস্ব শাখা)
www.munshiganj.gov.bd


আগস্ট/২০২৩ মাসের জেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আবুজাফর রিপন বিপ্লবে
 জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ
তারিখ : ২৭ আগস্ট ২০২৩
সময় : বেলা ১০.৩০ টা
স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মুন্সীগঞ্জ বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়িকরণ করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	নিষ্কন্টক খাসজমি চিহ্নিকরণ: সভাপতি সকল উপজেলার কৃষি খাসজমিসমূহ সরেজমিন পরিদর্শনপূর্বক বন্দোবস্তযোগ্য নিষ্কন্টক খাসজমি চিহ্নিত করে প্রকৃত ভূমিহীনদের অনুকূলে বন্দোবস্ত প্রদানপূর্বক সরকারের খাসজমির যথাযথ ও কার্যকর ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে নির্দেশনা প্রদান করেন।	১. বন্দোবস্তযোগ্য কৃষি খাসজমির পরিমাণ সঠিকভাবে নিরূপণপূর্বক আগামী সভার পূর্বে রিপোর্ট প্রেরণ করতে হবে। ২. প্রকৃত ভূমিহীনদের অনুকূলে খাসজমি বন্দোবস্তের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ ২. সহকারী কমিশনার (ভূমি) (সকল), মুন্সীগঞ্জ
০২.	কর্মসূচি দলিল হস্তান্তর সংক্রান্ত: অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) অনুমোদিত বন্দোবস্ত কেস নথিসমূহের পরবর্তী কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। সকল উপজেলার অনুমোদিত বন্দোবস্ত নথিসমূহের কর্মসূচি দলিল সম্পাদন, দখল হস্তান্তর, নামজারী, ভূমি উন্নয়ন কর প্রদান ও রেজিস্ট্রার হালনাগাদ করে তথ্য প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সহকারী কমিশনার (ভূমি) (সকল), মুন্সীগঞ্জকে অনুরোধ জানান।	১. ভূমিহীনদের অনুকূলে বন্দোবস্ত প্রদানকৃত খাসজমির কর্মসূচি দলিল হস্তান্তর, নামজারী ও দখল বুঝিয়ে দেয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে। ২. দ্রুত কর্মসূচি রেজিস্ট্রেশন সম্পন্ন করে তামিল প্রতিবেদন প্রেরণ করতে হবে।	১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ ২. সহকারী কমিশনার (ভূমি) (সকল), মুন্সীগঞ্জ ৩. সাব রেজিস্ট্রার (সকল), মুন্সীগঞ্জ
০৩.	আশ্রয়ণ-২ প্রকল্পের ৫ম পর্যায়ে জমি বন্দোবস্ত সংক্রান্ত : ৫ম পর্যায়ে বরাদ্দপ্রাপ্ত লৌহজং উপজেলায় ১৫ টি এবং সিরাজদিখান উপজেলায় ১৮ টি গৃহের লেআউট প্রদান কার্যক্রম চলমান রয়েছে মর্মে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ জানান। সভাপতি উপকারভেগী বাছাইপূর্বক তাদের অনুকূলে ভূমি বন্দোবস্ত কার্যক্রম দ্রুত করার জন্য নির্দেশনা প্রদান করেন।	১. ৫ম পর্যায়ে বরাদ্দপ্রাপ্ত গৃহসমূহের নির্মাণ কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে। ২. উপকারভেগী বাছাইপূর্বক তাদের অনুকূলে ভূমি বন্দোবস্তের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ ২. সহকারী কমিশনার (ভূমি) (সকল), মুন্সীগঞ্জ

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 মোঃ আবুজাফর রিপন বিপ্লবে
 জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ

ও

সভাপতি

জেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি

ফোন: +৮৮০ ২ ৭৬১১১০০

স্মারক নম্বর: ০৫.৩০.৫৯০০.৩০৩.০৬.০০৬.২৩-- ১০০

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩০
৩ অক্টোবর ২০২৩

অনুলিপি সদয় জাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা
- ৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
- ৪। পুলিশ সুপার, মুস্তীগঞ্জ
- ৫। বিভাগীয় বন কর্মকর্তা, ফরেন্স এক্সটেনশন বিভাগ, ৩৩, বেইলী রোড, ঢাকা
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, মুস্তীগঞ্জ সদর/টংগিবাড়ী/শ্রীনগর/সিরাজদিখান/লৌহজং/গজারিয়া, মুস্তীগঞ্জ
- ৭। উপপরিচালক, বিআরডিবি/যুব উন্নয়ন/পরিবার পরিকল্পনা/কৃষি সম্প্রসারণ/সমাজসেবা অধিদপ্তর, মুস্তীগঞ্জ
- ৮। সহকারী কমিশনার (ভূমি), মুস্তীগঞ্জ সদর/টংগিবাড়ী/শ্রীনগর/সিরাজদিখান/লৌহজং/গজারিয়া, মুস্তীগঞ্জ
- ৯। জনাব মুস্তীগঞ্জ

জেলা প্রশাসক, মুস্তীগঞ্জ

ও

সভাপতি

জেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি